শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড,রমনা,ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৫.১০.০০৯.১৭-৩২৬ তারিখ ঃ- ১৭.০৯.২০১৭ খ্রিঃ।

বিষয় ঃ অনলাইনে এম.পি.ও ভুক্তির জন্য আইনগত মতামত প্রসঙ্গে।

সূত্র ঃ (১) জেলা শিক্ষা অফিসার, শেরপুর-এর স্মারক নং-৩৭.০২.৮৯.০০.০০০০.০৪.০০১.১৭-৪২৮,তারিখঃ- ১৩.০৯.২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, শেরপুর জেলার শ্রীবরদী উপজেলাধীন ভায়াডাঙ্গা এ,এম আলিম মাদ্রাসায় মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের ডিজির প্রতিনিধি কর্তৃক মনোনীত হয়ে ০৫ (পাঁচ) জন শিক্ষক বিভিন্ন পদে যোগদান করেছেন। যোগদানকারী শিক্ষকগণ হলেন সর্বজনাব (১) মোস্তাকিম বিল্লাহ, প্রভাষক (আরবী), (২) মোঃ জাহিদুল ইসলাম, সহকারী শিক্ষক (গণিত), (৩) আসাদুর রহমান, সহকারী শিক্ষক (কৃষি), (৪) মোছাঃ নাজমা খাতুন, সহকারী মৌলভী এবং (৫) মহিবুল্লাহ জুনিয়র শিক্ষক (এবতেদায়ি)।

০২. উল্লেখিত ০৫ (পাঁচ) জন শিক্ষক অত্র অধিদপ্তরের ডিজির প্রতিনিধি কর্তৃক মনোনীত এবং মাদ্রাসার গভর্ণিং বডি কর্তৃক নিয়োগ প্রাপ্ত হয়ে শূন্য পদের বিপরীতে যোগদান করেছেন।

০৩. মাদ্রাসার ম্যানেজিং কমিটির বিরুদ্ধে এবং অত্র মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের সাবেক সহকারী পরিচালক (প্রশাসন)কে ১৫ নং বিবাদী করে মাননীয় সহকারী জজ আদালত, শ্রীবরদী, শেরপুর-এ মোকদ্দমা নং ৯১/২০১৭ মামলা দায়ের করা হয়।

০৪. পরবর্তীতে উল্লেখিত মামলাটি প্রত্যাহার করার জন্য বাদীপক্ষ মাননীয় সহকারী জজ আদালত, শ্রীবরদী, শেরপুর-এ আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে মাননীয় সহকারী জজ আদালত, শ্রীবরদী,শেরপুর মোকদ্দমাটি প্রত্যাহার করেন।

০৫. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ নবনিয়োগ প্রাপ্ত উল্লেখিত ০৫ (পাঁচ) জন শিক্ষকের এমপিও ভুক্তির বিষয়ে আইনী মতামত চেয়ে অত্র অধিদপ্তর বরাবর পত্র প্রেরণ করেছেন।

০৪. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ কর্তৃক প্রেরিত পত্রের সাথে সংযুক্ত রেকর্ড পত্র পর্যালোচনায় দেখা যায়, মাননীয় সহকারী জজ আদালত,শ্রীবরদী,শেরপুর ৯১/২০১৭ নং মোকদ্দমাটি প্রত্যাহার করেন।

০৫. নবনিয়োগ প্রাপ্ত ০৫ (পাঁচ) জন শিক্ষক সর্বশেষ জনবল কাঠামো অনুযায়ী শূন্য পদে যোগদান করেছেন।

০৬. নবনিয়োগ প্রাপ্ত ০৫ (পাঁচ) জন শিক্ষকের এমপিও ভূক্তির বিষয়ে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আইনগত মতামত হলো"যেহেতু বাদী পক্ষ মোকদ্দমাটি প্রত্যাহারের জন্য আবেদন করেন এবং মাননীয় সহকারী জজ আদালত মোকদ্দমাটি প্রত্যাহার করেছেন, সেহেতু এমপিও ভুক্তির অন্যান্য শর্তাবলী পূরণ থাকলে সংশ্লিষ্ট ০৫ (পাঁচ) জন শিক্ষকের এমপিও ভূক্ত হতে আইনগত কোন বাধা নেই।"

০৭. এমতাবস্থায় এ অধিদপ্তরের আইনি মতামতের প্রেক্ষিতে ভায়াডাঙ্গা এ,এম আলিম মাদ্রাসার নিয়োজিত ০৫ (পাচঁ) জন শিক্ষকের এম পি ও ভুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৭/৯/২০১৭
(মোঃ ফরিদ আহম্মেদ)
সহকারী পরিচালক (অডিট ও আইন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
মোবাইল ঃ ০১৭৫১৫৬০৯৯২

১। জেলা শিক্ষা অফিসার
শেরপুর।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে) ঃ

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুলভবন(৯ম তলা),সচিবালয় লিংক রোড,ঢাকা।
২. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ। (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,উপজেলাঃ শ্রীবরদী জেলাঃ শেরপুর। (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৪. অধ্যক্ষ, ভায়াডাঙ্গা এ,এম আলিম মাদ্রাসা,ডাকঃ ভায়াডাঙ্গা, উপজেলাঃ শ্রীবরদী, জেলাঃ শেরপুর।
৫. সভাপতি, গভর্ণিং বডি, ভায়াডাঙ্গা এ,এম আলিম মাদ্রাসা, ডাকঃ ভায়াডাঙ্গা, উপজেলাঃ শ্রীবরদী, জেলাঃ শেরপুর।
৬. অফিস কপি।

E:\লিগ্যাল এ্যাডভাইজার\Online MPO আইনগত মতামত পত্র ফাইল\ভায়াডাঙ্গা এ.এম আলিম মাদ্রাসা,শ্রীবরদী, শেরপুর.docx